দৈনিক
জনকণ্ঠ

তারিখ . 2-8 . JUL . 2007 ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম .... ৮ .......

# কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত নিবন্ধন সনদধারীদের সহকারী শিক্ষক পদে আবেদনের বৈধতা দিল হাইকোর্ট

**স্টাফ রিপোর্টার ॥** স্নাতক ডিগ্রীসহ ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত নিবন্ধন সনদধারীদের বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে সহকারী শিক্ষক (কম্পিউটার) পদে আবেদন বৈধ বলে রায় দিয়েছে হাইকোর্ট।

এ রায়ের পর ফল প্রকাশে আর কোন বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবীরা। অন্যদিকে একটি ওষুধ প্রস্তুতকারী কোম্পানির দুই তিনজন লোক 'হত্যার' হুমকি দেন সুপ্রীমকোর্টের আইনজীবী মনজিল মোরসেদকে।

সেই হুমকি প্রদানকারীদের মধ্যে কাজী মামুন নামে এক ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। বৃহস্পতিবার হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চগুলো এ আদেশ প্রদান করেছে।

কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত নিবন্ধন সনদধারীদের বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে সহকারী শিক্ষক (কম্পিউটার) পদে আবেদন বৈধ বলে রায় দিয়েছে হাইকোর্ট। জারি করা এ সংক্রান্ত রুল যথাযথ (এবসিলিউট) ঘোষণা করে বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি আবু তাহের মোঃ সাইফুর রহমান সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রায় ঘোষণা করে। রায়ের ফলে রিটকারী ৪৫ জনের নিবন্ধনের বৈধতা পেল এবং যোগ্যদের ক্রম অনুযায়ী নিয়োগে আইনগত কোন বাধা রইল না- জানিয়েছেন রিটের পক্ষে আইনজীবী মোহাম্মদ ছিদ্দিক উল্যাহ মিয়া।